

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 12-01-2025
Time: 07:53-08:00 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) স্বামী বিবেকানন্দের জন্মদিনে জাতীয় যুব দিবস আজ রাজ্যের সর্বত্র যথাযোগ্য মর্যাদায় পালন করা হয় ।
- (২) প্রধানমন্ত্রী বলেছেন, দেশের যুব সম্প্রদায় অবশ্যই উন্নত ভারতের স্বপ্ন পূরণ করবে।
- (৩) আকাশবাণী আগরতলা যুব প্রজন্ম এবং ছাত্রসমাজের বর্তমান সমস্যা ও চ্যালেঞ্জ নিয়ে একাধিক সেমিনার আয়োজন করতে চলেছে।
- (৪) এবছরের ন্যাশনাল ইয়ুথ আইকন অ্যাওয়ার্ড পেল রাজ্যের আন্তর্জাতিক খুদে দাবাড়ু অর্শিয়া দাস।

Governor- National Youth Day:

স্বামী বিবেকানন্দের জন্মদিনে জাতীয় যুব দিবস আজ রাজ্যের সর্বত্র যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আমতলীর বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মিশন বিদ্যালয়ে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার স্বপ্নকে বাস্তবায়িত করতে যুবাদের অগ্রণী ভূমিকায় থাকতে হবে। স্বামী বিবেকানন্দ হচ্ছেন দেশের যুবাদের আদর্শ। তাঁর আদর্শ শুধুমাত্র দেশের নয় সারা বিশ্বের জনগনকে অনুপ্রাণিত করে। অনুষ্ঠানে বিবেকনগর রামকৃষ্ণ মিশনের সম্পাদক শুভকরানন্দ মহারাজ বলেন স্বামী

বিবেকানন্দ হচ্ছে এমন একজন ব্যক্তি যিনি সারা বিশ্বের মানুষের মধ্যে মানবতা জাগ্রত করেছেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের প্রাক্তন চেয়ারপারসন তথা ত্রিপুরা উচ্চ আদালতের প্রাক্তন বিচারপতি স্বপন চন্দ্র দাস, দক্ষতা বিকাশ দপ্তরের অধিকর্তা মোহাম্মদ সাজ্জাদ পি প্রমুখ।

Vivekananda Anniversary:

আজ সকালে আগরতলার বিবেক উদ্যানে আয়োজিত অনুষ্ঠানে স্বামী বিবেকানন্দের মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান অনুষ্ঠানের প্রধান অতিথি আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, প্রাক্তন বিচারপতি এস সি দাস রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী শুভকরানন্দ মহারাজ। এখানে বিবেক পতাকা উত্তোলন করা হয় ও বিবেক জ্যোতি প্রজ্জ্বলন করা হয়। অনুষ্ঠানে স্বামীজির প্রতি শ্রদ্ধা নিবেদন করে প্রধান অতিথি পুর মেয়র দীপক মজুমদার বলেন, স্বামী বিবেকানন্দ ছিলেন তারুণ্যের প্রতীক। স্বামীজির আদর্শে অনুপ্রাণিত হয়ে তরুন সমাজকে দেশসেবায় এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ স্বামী বিবেকানন্দের জন্ম জয়ন্তীতে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন। তিনি এক্স পোস্টে লিখেছেন, স্বামী বিবেকানন্দ যুবসমাজের জন্য একটি চিরন্তন অনুপ্রেরণা, তিনি তরুণদের মনে প্রত্যয় এবং উদ্দেশ্য জাড়িত মনোভাব বরাবর প্রজ্জ্বলিত করে চলেছেন।

অন্যদিকে, আজ নতুন দিল্লির ভারত মণ্ডপে 'বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৫ "-এ বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, ভারতের যুব শক্তির মধ্য দিয়ে উল্লেখযোগ্য পরিবর্তন

আসছে। নতুন প্রজন্মের প্রতি তাঁর আস্থা রয়েছে। শ্রী মোদী বলেন, দেশের যুব সম্প্রদায় অবশ্যই উন্নত ভারতের স্বপ্ন পূরণ করবে।

প্রধানমন্ত্রী বলেন, উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জনের জন্য দেশের প্রত্যেক নাগরিককে সক্রিয় অংশগ্রহণ এবং সম্মিলিত প্রচেষ্টা নিতে হবে। তিনি উল্লেখ করেন, ভারত বিভিন্ন ক্ষেত্রে নির্দিষ্ট সময়ের আগেই তার লক্ষ্য পূরণ করছে। প্রধানমন্ত্রী বলেন, উন্নত ভারত হবে অর্থনৈতিক, কৌশলগত, সামাজিক ও সাংস্কৃতিক দিক থেকে পূর্ণ সক্ষম ।

#####PM Byte#####

‘বিকাশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগে’ প্রধানমন্ত্রী আজ সারা দেশের তিন হাজার সক্রিয় তরুণ নেতাদের সঙ্গে মতবিনিময় করেন। প্রধানমন্ত্রী দশটি বিষয়ের ওপর অংশগ্রহণকারী তরুণদের লেখা সেরা প্রবন্ধের সংকলনও প্রকাশ করেন। এই ১০টি বিষয়ের মধ্যে রয়েছে প্রযুক্তি, সুস্থায়ীত্ব, নারী ক্ষমতায়ন, উৎপাদন এবং কৃষির মতো অন্যান্য ক্ষেত্রে।

Mahakumbha :

মহাকুম্ভ উপলক্ষ্যে সেজে উঠেছে উত্তর প্রদেশের প্রয়াগরাজ। বিপুল সংখ্যক ভক্তের সমাগম হচ্ছে । উত্তরের কনকনে হিমেল হাওয়া ও ঠান্ডার মধ্যেও প্রচুর ভক্ত আজই প্রয়াগরাজের ত্রিবেণী সঙ্গমে পুণ্য স্নান শুরু করেন। আগামীকাল ১৩ জানুয়ারি থেকে শুরু হচ্ছে মহাকুম্ভ মেলা।

Swamiji's Birthday /Unakoti:

স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষে আজ কৈলাশহরের আর, কে আই ক্যাম্পাস হলে আয়োজিত অনুষ্ঠানে স্বামীজির

প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জিলা পরিষদের সদস্য বিমল কর প্রমুখ।

এদিকে, ঊনকোটি জেলার ফটিকরায় নজরুল কলাকেন্দ্রে যুব মোর্চার উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ প্রমুখ।

Biplab Deb - Rabindra bhawan:

ভারতীয় জনতা যুব মোর্চা ত্রিপুরা প্রদেশের উদ্যোগে আজ আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে জাতীয় যুব দিবস উদযাপন করা হয়। বক্তব্য রাখেন সাংসদ বিপ্লব কুমার দেব, সাংসদ তথা বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব। উপস্থিত ছিলেন জিমনাস্ট পদ্মশ্রী দীপা কর্মকার, বিজেপি দলের সাধারণ সম্পাদক বিপিন দেবর্মা প্রমুখ। অনুষ্ঠানে ক্রীড়া, সংস্কৃতি ও বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ১৫ জনকে সন্মাননা প্রদান করা হয়।

Bike Rally:

জাতীয় যুব দিবস উপলক্ষে আজ বিজেপি'র সূর্যমনিগর মন্ডল ও যুব মোর্চার উদ্যোগে ট্যাবলু সহকারে এক বাইক রেলি অনুষ্ঠিত হয়। আনন্দনগর স্কুল মাঠে থেকে চৌমুহনী বাজার পর্যন্ত এই রেলি সংগঠিত হয়। বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল এই রেলির সূচনা করেন।

DYFI Blood Donation:

স্বামী বিবেকানন্দের জন্মদিন উপলক্ষে বামপন্থী ছাত্র যুব সংগঠন এস এফ আই, টি এস ইউ, ডি ওয়াই এফ আই এবং টি ওয়াই এফ-এর যৌথ উদ্যোগে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। আগরতলার মেলার মাঠে ছাত্র যুব ভবনে আয়োজিত এই রক্তদান শিবিরে সংগঠনের নেতৃবৃন্দ স্বামীজীর প্রতিকৃতিতে মাল্যদান করেন। স্বামীজীর জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন ডি ওয়াই এফ আই এর রাজ্য সভাপতি পলাশ ভৌমিক। রক্তদান শিবিরে ১৭ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

Yuba Diwas- Congress:

স্বামী বিবেকানন্দের জন্মদিন উপলক্ষে আজ আগরতলার কংগ্রেস ভবনে নানা কর্মসূচী পালন করা হয়। বিবেকানন্দের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, যুব কংগ্রেস সভাপতি নীল কমল সাহা স্বামীজীর জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

Mohanpur municipality- vivekanand:

মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ আজ মোহনপুর মহকুমা ভিত্তিক স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, জিলা পরিষদ সদস্য জয়নাল দাস।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং

নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক
প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ
লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন
টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা /
ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে
আকাশবাণী নিউজ আগরতলা।

AIR Agartala Seminar:

আকাশবাণী আগরতলা যুব প্রজন্ম এবং ছাত্রসমাজের বর্তমান
সমস্যা ও চ্যালেঞ্জ নিয়ে একাধিক সেমিনার আয়োজন করতে
চলেছে।

আগামীকাল দুপুর ১২টায় প্রথম সেমিনার অনুষ্ঠিত হবে
আগরতলার মহারাজা বীর বিক্রম কলেজে। সেমিনারের বিষয়
"স্বামী বিবেকানন্দের বাণী ও আজকের যুবসমাজ"। অনুষ্ঠানে
স্বামী বিবেকানন্দের শিক্ষা ও আদর্শ এবং বর্তমান সংকট ও
যুবদের জন্য দিশা-পথ নিয়ে আলোচনা করবেন রামকৃষ্ণ মঠ ও
মিশনের অধ্যক্ষ স্বামী শুভকরানন্দ, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের
অধ্যাপক ড. সায়ক মুখোপাধ্যায়।

সেমিনারের মূল উদ্দেশ্য স্বামী বিবেকানন্দের চিন্তাধারার মাধ্যমে
যুবসমাজের মধ্যে ইতিবাচক দৃষ্টিভঙ্গি ও অনুপ্রেরণা সৃষ্টি করা।
এই সেমিনার আগরতলার বিভিন্ন কলেজে পর্যায়ক্রমে অনুষ্ঠিত
হবে। এই সেমিনারগুলোতে অংশগ্রহণের জন্য সমস্ত ছাত্রছাত্রী,
শিক্ষক এবং আগ্রহী নাগরিকদের আমন্ত্রণ জানানো হয়েছে।

AIDSO:

এ আই ডি এস ও, এ আই এম এস এস এবং এ আই ডি ওয়াই ও- যৌথ উদ্যোগে আগরতলার বটতলায় আয়োজিত এক অনুষ্ঠানে স্বাধীনতা আন্দোলনের অন্যতম সংগ্রামী মাষ্টারদা সূর্য সেনের ৯২ তম প্রয়াণ দিবস পালন করা হয়। অনুষ্ঠানে এ আই ডি এস ও রাজ্য সভাপতি রাম প্রসাদ আচার্য মাস্টারদা সূর্যসেনের জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন।

Drug Seized:

আগরতলার প্রতাপগড়ের ঝুলন্ত সেতুর কাছ থেকে পশ্চিম এবং পূর্ব থানার পুলিশ যৌথভাবে আজ সকালে প্রায় এক কোটি টাকার ইয়াবা টেবলেট আটক করেছে। আগরতলার প্রতাপগড়ে একটি গাড়িতে তল্লাশি চালিয়ে পুলিশ এক লক্ষ বিশ হাজার ইয়াবা টেবলেট আটক করে। এই ঘটনায় জড়িত সন্দেহে পুলিশ গাড়ীর চালক এবং সহ চালককে গ্রেফতার করেছে।

Swamiji birth anniversary- Bishalgarh:

জাতীয় যুব দিবস উপলক্ষে বিশলাগড়ে এক বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবদল বনিক ও বিশালগড় পুর পরিষদের চেয়ারম্যান অঞ্জন পুরকায়স্থ।

Run for weather:

ভারতীয় আবহাওয়া দপ্তর আই এম ডি- র ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আজ আই এম ডি- র আগরতলা অফিসের উদ্যোগে জনসাধারণকে আবহাওয়া ও জলবায়ু সম্বন্ধে সচেতন করার লক্ষ্যে রান ফর ওয়েদারের আয়োজন করা হয়। আজ সকালে আগরতলার এমবিবি বিমানবন্দর সংলগ্ন আবহাওয়া দপ্তরের

সামনে থেকে শুরু হয় এই দৌড়। দৌড়ের সুচনা করেন আই এম ডি-র আগরতলা শাখার অধিকর্তা ডঃ পার্থ রায়।

Arshiya Das :

এবছরের ন্যাশনাল ইয়ুথ আইকন অ্যাওয়ার্ড পেল রাজ্যের আন্তর্জাতিক খুদে দাবাড়ু অর্শিয়া দাস। আজ স্বামী বিবেকানন্দের জন্মদিনে দিল্লিতে এই পুরস্কার প্রদান করা হয়। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় জনজাতি কল্যাণ মন্ত্রী জুয়েল ওরাং। গোয়াতে একটি দাবা প্রতিযোগিতায় অংশ নেওয়ার ফলে এই পুরস্কার নিতে স্বশরীরে উপস্থিত থাকতে পারেনি অর্শিয়া দাস। তার হয়ে সর্বভারতীয় দাবা ফেডারেশনের এক প্রতিনিধি পুরস্কার গ্রহণ করেন। উল্লেখ্য দাবায় জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে অসাধারণ সাফল্য অর্জন করেছে ত্রিপুরার খুদে দাবাড়ু অর্শিয়া দাস।

Women Football :

জাতীয় যুব দিবস উপলক্ষে কৈলাশহরের সামাজিক সংস্থা "আশ্রয় " এর উদ্যোগে আজ কলেজ স্টেডিয়ামে মহিলা ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়।

আজকের ম্যাচে আসাম একাদশ পাঁচ শূন্য গোলের ব্যবধানে ত্রিপুরা একাদশ দলকে পরাজিত করে। খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার্স দলের হাতে ট্রফি তুলে দেন বিধায়ক বীরজিৎ সিংহ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব প্রমুখ।

Weather :

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ আঠাশ ডিগ্রী এবং সর্বনিম্ন চৌদ্দ ডিগ্রী

সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ত্রিশ দশমিক পাঁচ ডিগ্রী এবং সর্বনিম্ন বার দশমিক আট ডিগ্রী সেলসিয়াস।
